

স্মারক নং-৪৬.০১৭.০১৮.০০.০০.০০২.২০১১ক- ৭০৬

তারিখ : ২১ ভাদ্র, ১৪২৪ বঙ্গাব্দ।
০৫ সেপ্টেম্বর, ২০১৭ খ্রিঃ।

পরিপত্র


বিষয় : ইউনিয়ন পরিষদের সরকারি ভবনাদি/আসবাবপত্র/অন্যান্য মালামাল পরিত্যক্ত ঘোষনাকারী জেলা কনডেমনেশন কমিটি।

ইউনিয়ন পরিষদের মালিকানাধীন ব্যবহারের অনুপোযোগী সরকারি ভবনাদি/আসবাবপত্র/অন্যান্য মালামাল কনডেমড (Condemned) ঘোষনার নিমিত্ত জেলা পর্যায়ে নিম্নরূপ কনডেমনেশন কমিটি গঠন করা হলো:

(ক) জেলা প্রশাসক	-	আহবায়ক
(খ) উপ-পরিচালক, স্থানীয় সরকার	-	সদস্য
(গ) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ	-	সদস্য
(ঘ) সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার	-	সদস্য
(ঙ) নির্বাহী প্রকৌশলী, এলজিইডি	-	সদস্য সচিব।

২। ইউনিয়ন পরিষদের মালিকানাধীন ব্যবহার অনুপোযোগী সরকারি ভবনাদি/আসবাবপত্র/অন্যান্য মালামাল কনডেমড (Condemned) ঘোষণার প্রয়োজন হলে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পরিষদের সভায় অনুমোদন গ্রহণ করে প্রস্তাব সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের নিকট প্রেরণ করবেন। উপজেলা নির্বাহী অফিসার উপজেলা প্রকৌশলীর সহযোগিতায় ব্যবহারের অনুপোযোগী সরকারি ভবনাদি/আসবাবপত্র/মালামাল কনডেমড ঘোষণা/নিলামে বিক্রয়ের উদ্দেশ্যে প্রাক্কলন প্রস্তুত করবেন। প্রস্তুতকৃত প্রাক্কলন এবং অন্যান্য আনুষংগিক কাগজাদিসহ প্রস্তাব উপজেলা নির্বাহী অফিসার উপরে বর্ণিত জেলা কনডেমনেশন কমিটির নিকট প্রেরণ করবেন। জেলা কনডেমনেশন কমিটি প্রাক্কলনটি পরীক্ষা-নিরীক্ষা এবং প্রয়োজনবোধে সংশ্লিষ্ট ভবনাদি/আসবাবপত্র/অন্যান্য মালামাল সরেজমিন পরিদর্শনপূর্বক উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রদত্ত প্রস্তাব যথাযথ বিবেচিত হলে তা কনডেমড ঘোষণা করবেন। জেলা প্রশাসক সংশ্লিষ্ট কাগজপত্রাদি এবং কনডেমড ঘোষণা সংক্রান্ত কমিটির সিদ্ধান্ত অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করবেন।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


(মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ান)
যুগ্মসচিব (ইপ)
স্থানীয় সরকার বিভাগ

বিতরণঃ

১. বিভাগীয় কমিশনার (সকল),.....বিভাগ।
২. প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩. জেলা প্রশাসক (সকল),.....জেলা।
৪. উপপরিচালক, স্থানীয় সরকার (সকল), জেলা প্রশাসকের কার্যালয়.....জেলা।
৫. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ/এলজিইডি (সকল).....জেলা।
৬. উপজেলা নির্বাহী অফিসার (সকল).....উপজেলা,.....জেলা।
৭. চেয়ারম্যান (সকল).....ইউনিয়ন পরিষদ,.....উপজেলা.....জেলা।

অনুলিপি :

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।